

📖 যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৩৭১

১/ বিবিধ

আরবী

اللهم لا يدركني زمان، ولا تدركوا زمانا، لا يتبع فيه العليم، ولا يستحيى فيه من الحليم،
قلوبهم قلوب الأعاجم، وألسنتهم ألسنة العرب
ضعيف

أخرجه أحمد (5/340) وابن عبد الحكم في "فتوح مصر" (ص 275 - 276) وأبو عمرو الداني في "كتاب السنن الواردة في الفتن" (8/2) عن ابن لهيعة: حدثنا جميل الأسلمي عن سهل بن سعد أن رسول الله صلى الله عليه وسلم قال: فذكره

قلت: وهذا إسناده ضعيف فيه ثلاث علل

الأولى: الانقطاع، فإن جميلا هذا لم يثبت لقاءه لأحد من الصحابة مع كونه مجهول الحال، فقد ترجمه ابن أبي حاتم (1/1/516 - 517) من رواية ثلاثة عنه، ولم يذكر فيه جرحا ولا تعديلا. وأورده ابن حبان في "ثقات أتباع التابعين" (6/147) وقال: "شيخ يروي المراسيل، روى عنه عمرو بن الحارث

الثانية: جهالة حال جميل هذا كما سبق الثالثة: سوء حفظ ابن لهيعة، وقد خولف في إسناده، فقال: عمرو بن الحارث عن جميل بن عبد الرحمن الحذاء عن أبي هريرة أن رسول الله صلى الله عليه وسلم قال: فذكره

أخرجہ الحاکم (4/510) وقال: " صحيح الإسناد " ووافقه الذهبي! كذا قال، ومع أن فيه العلتين الأوليين، فهو أصح من الأول لأن عمرو بن الحارث ثقة، فهو أحفظ من ابن لهيعة

বাংলা

১৩৭১। হে আল্লাহ্ আমাকে এমন কোন সময় পেয়ে বসবে না আর তোমরাও এমন সময় পাবে না যে সময়ে মহাজ্ঞানী (আলীমের) অনুসরণ করা হবে না এবং সে সময়ে দয়াশীল হতে লজ্জা করা হবে না। তাদের হৃদয়গুলো হবে অনারবদের হৃদয় আর তাদের যবানগুলো হবে আরবদের যবান।

হাদীসটি দুর্বল।

হাদীসটিকে ইমাম আহমাদ (৫/৩৪০), ইবনু আব্দিল হাকাম "ফাতুহ মিসর" গ্রন্থে (২৭৫-২৭৬) ও আবু আমর আদদানী "কিতাবুস সুনানিল ওয়ারিদাহ ফিল ফিতান" গ্রন্থে (২/৮) ইবনু লাহীয়াহ হতে, তিনি জামীল আসলামী হতে, তিনি সাহল ইবনু সা'দ (রাঃ) হতে বর্ণনা করেছেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি তিনটি কারণে দুর্বলঃ

১। সনদে বিচ্ছিন্নতা। কারণ বর্ণনাকারী এ জামীলের কোন সাহাবীর সাথে সাক্ষাৎ ঘটেনি। এ ছাড়া তিনি মাজহুলুল হাল (তার অবস্থা সম্পর্কে জানা যায় না)। ইবনু আবী হাতিম তার জীবনী আলোচনা করতে গিয়ে (১/১/৫১৬-৫১৭) তার থেকে তিনটি বর্ণনা উল্লেখ করার পর তিনি তার সম্পর্কে ভালো-মন্দ কিছুই বলেননি। আর ইবনু হিব্বান তাকে "সিকাতু আতবাউত তাবেঈন" গ্রন্থে (৬/১৪৭) উল্লেখ করেছেন। [অর্থাৎ তার নিকট তিনি একজন নির্ভরযোগ্য তাবে তাবেঈন]। অতঃপর তিনি বলেছেনঃ এ শাইখ মুরসাল হাদীস বর্ণনা করেন। তার থেকে আমার ইবনুল হারেস বর্ণনা করেছেন।

২। বর্ণনাকারী জামীলের অবস্থা অজ্ঞাত।

৩। ইবনু লাহীয়ার হেফযে ত্রুটি ছিল এবং তার সনদে তার বিরোধিতা করা হয়েছে। আমার ইবনুল হারেস অপর বর্ণনাকারী জামীল ইবনু আবদির রহমান আল-হাযযা হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণনা করেছেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

এটিকে হাকিম বর্ণনা করে (৪/৫১০) বলেছেনঃ সনদটি সহীহ। আর হাফিয যাহাবী তার সাথে ঐকমত্য পোষণ করেছেন। অথচ তার মধ্যে পূর্বোক্ত দুটি সমস্যা রয়েছে। তবে এটি প্রথমটির চেয়ে বেশী ভালো। কারণ আমার ইবনুল হারেস নির্ভরযোগ্য। তিনি ইবনু লাহীয়ার চেয়ে বেশী হেফযকারী।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72250>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন